# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুকীম অবস্থায় দুই ওয়াক্তের সালাত একত্রে আদায় করা।

## باب مَا جَاءَ فِي الْجَمْعِ بَيْنَ الصَّلاَتَيْنِ فِي الْحَضَرِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلَفٍ الْبَصْرِيُّ حَدَّثَنَا الْمُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ، عَنْ أَبِيهِ، عَنْ حَنَشٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ جَمَعَ بَيْنَ الصَّلاَتَيْنِ مِنْ غَيْرِ عُذْرٍ فَقَدْ أَتَى بَابًا مِنْ أَبْوَابِ الْكَبَائِرِ " . قَالَ أَبُو عِيسَى وَحَنَشٌ هَذَا هُوَ أَبُو عَلِيٍّ الرَّحَبِيُّ وَهُوَ حُسَيْنُ بْنُ قَيْسٍ وَهُوَ ضَعِيفٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ ضَعَّفَهُ أَحْمَدُ وَغَيْرُهُ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنْ لاَ يَجْمَعَ بَيْنَ الصَّلاَتَيْنِ إِلاَّ فِي السَّفَرِ أَوْ بِعَرَفَةَ . وَرَخَّصَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنَ التَّابِعِينَ فِي الْجَمْعِ بَيْنَ الصَّلاَتَيْنِ لِلْمَرِيضِ وَبِهِ يَقُولُ أَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ يَجْمَعُ بَيْنَ الصَّلاَتَيْنِ فِي الْمَطَرِ وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَلَمْ يَرَ الشَّافِعِيُّ لِلْمَرِيضِ أَنْ يَجْمَعَ بَيْنَ الصَّلاَتَيْنِ .

বাংলা

১৮৮. আবূ সালমা ইয়াহইয়া ইবনু খালাফ আল বাসরী (রহঃ) ...... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন উযর ছাড়া কেউ যদি দুই ওয়াক্তের সালাত একত্রে করে তবে সে কবীরা গুনাহর দ্বারগুলির একটি দ্বারে পদাপর্ণ করল। - তা’লীকুর রাগীব ১/১৯৮, যইফা ৪৫৮১, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৮ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ রাবী হানাশ হলেন আবূ আলী আর রাহবী। তাঁর পূর্ণ নাম হল হুসায়ন ইবনু কায়স। হাদিস বিশেষজ্ঞদের মতে তিনি যঈফ। আহামদ প্রমুখ মুহাদ্দিসগণ তাকে যঈফ বলেছেন। আলিমগণ এই হাদিস অনুসারে আমল গ্রহণ করেছেন। তাঁরা বলেন সফর কিংবা আরাফার ময়দান ছাড়া দুই ওয়াক্তের সালাত একত্রে আদায় করা যাবে না। তবে আলিমদের কেউ কেউ অসুস্ত ব্যক্তির জন্য একত্রে দুই ওয়াক্তের সালাত আদায় করার অনুমতি দিয়েছেন। ইমাম আহমদ ও ইসহাকও এই অভিমত পোষণ করেন। কোন কোন ফকীহ বলেন বৃষ্টির জন্য দুই ওয়াক্তের সালাত একত্রে আদায় করা যায়। ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) এই অভিমত ব্যক্ত করেছেন। তবে ইমাম শাফিঈ, অসুস্ত ব্যক্তির ক্ষেত্রে দুই ওয়াক্তের সালাত একত্রে আদায় করার

অনুমতি দেননি।

## English

Ibn Abbas narrated that :
the Prophet said: "Whoever combines two prayers without any excuse then he has committed something from the major sins."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন